কুমিল্লার কাগজ
Comilla News around the world
The Daily Comillar Kagoj
শনিবার • ৯ মার্চ ২০২৪ • ২৬ ফাল্গুন ১৪৩০ • ২৭ শাবান ১৪৪৫

# উৎসব-উৎকণ্ঠার ভোট আজ

## কুমিল্লা সিটির মেয়র পদে উপনির্বাচন






কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র পদে উপ-নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা বাহিনীর টহল। শুক্রবার বিকেলে ও সন্ধ্যায় কান্দিরপাড় এলাকা থেকে তোলা ছবি। .................................. কুমিল্লার কাগজ।

**জহির শান্ত**

কুমিল্লা সিটি কর্পোরেশনের (কুসিক) মেয়র পদে উপনির্বাচনে ভোটগ্রহণ আজ। ইতোমধ্যে ভোটের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রে কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হয়েছে সরঞ্জামাদি, নেওয়া হয়েছে সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা। অপেক্ষা এখন ভোট উৎসবের। তবে এই নগরীর ভোট নিয়ে একদিকে যেমন রয়েছে উৎসবের আমেজ, অপরদিকে রয়েছে শঙ্কা-উৎকণ্ঠাও।

চার মেয়র প্রার্থীর তিনজনই সেই উৎকণ্ঠার কথা প্রকাশ করেছেন। তারা বলছেন, নির্বাচন প্রভাবমুক্ত না হলে সুষ্ঠু ভোট নিয়ে সংশয় থেকেই যাবে। নগরীর ২৭টি ওয়ার্ডের ১০৫টি কেন্দ্রে ভোটগ্রহণ হবে ইভিএম পদ্ধতিতে।

রিটার্নিং কর্মকর্তা মোঃ ফরহাদ হোসেন জানিয়েছেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণের সকল প্রস্তুতিই আমরা সম্পন্ন করেছি। শুক্রবার সকাল থেকেই কেন্দ্রে কেন্দ্রে নির্বাচনি সরঞ্জাম ও আইনশৃঙ্খলাবাহিনীর সদস্য মোতায়েন শুরু হয়েছে। উৎসবমুখর পরিবেশে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ চলবে।

কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র পদে এই উপনির্বাচন দলীয় প্রতীক ছাড়া অনুষ্ঠিত হলেও ভোটের মাঠে প্রার্থীতায় আছেন আওয়ামী লীগ ও বিএনপির চার নেতা।

এর মধ্যে সাবেক দুইবারের মেয়র ও বিএনপির সাবেক নেতা মনিরুল হক সাক্কু (টেবিল ঘড়ি প্রতীক), মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক তাহসীন বাহার সূচনা (বাস প্রতীক), মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা নূর উর রহমান মাহমুদ তানিম (হাতি প্রতীক) এবং মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক নেতা নিজাম উদ্দিন কায়সার (ঘোড়া প্রতীক) প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। ভোটার ও সংশ্লিষ্টরা মনে করছেন ভোটের লড়াই হবে হাড্ডাহাড্ডি। প্রার্থীদের প্রচার-প্রচারণায়ও সেরকমই আঁচ পাওয়া গেছে। বিচ্ছিন্ন দুয়েকটি ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবেই শেষ হয়েছে প্রচারণা। বৃহস্পতিবার (৭ মার্চ) প্রচারণার শেষ দিনেও চার মেয়র প্রার্থী নগরীর বিভিন্ন এলাকায় গণসংযোগ ও উঠান বৈঠক করেছেন। শুক্রবার (৮ মার্চ) তারা দিনভর *-এরপর ৫ এর পাতায়*